দৈনিক জনকণ্ঠ

২৭

তারিখ ... SEP 7-3 1999 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ...

# চবি সিন্ডিকেটের সিদ্ধান্ত প্রত্যাখ্যান করেছে ছাত্র সংগঠনগুলো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ আংশিকভাবে ক্যাম্পাস বাস চালু করে আগামী ২০ সেপ্টেম্বর থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে সিন্ডিকেটের সিদ্ধান্ত প্রত্যাখ্যান করেছে ছাত্র সংগঠনগুলো। রবিবার পৃথক পৃথক বিবৃতি ও সমাবেশের মাধ্যমে সিন্ডিকেটের এই সিদ্ধান্তকে প্রহসন বলে উল্লেখ করে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়েছে। সম্পূর্ণরূপে ক্যাম্পাস বাস চালু না করে বিশ্ববিদ্যালয় খুললে কঠোর আন্দোলনের হুমকি দিয়েছে ছাত্রলীগ, ছাত্র শিবির, ছাত্র ইউনিয়ন ও ছাত্রফ্রন্ট।